"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

প্রতিদিন একবার হলেও আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

প্রতিদিন একবার হলেও বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং- বাকাশিবো (প-২)/৫৮৫(পার্ট-৮)/১৪ তারিখ ঃ ১৫-০১-২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০০০ ও ২০০৫ প্রবিধানভুক্ত পরীক্ষার্থীদের ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৭ আগামী ২২ মার্চ ২০১৭ খ্রিঃ রোজ বুধবার হতে শুধুমাত্র টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা (কেন্দ্র কোড ৫০১৪৮) কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও পাওয়া যাবে। ***রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।*** পরীক্ষার্থীর সর্বশেষ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে Online এ পরীক্ষার্থীর অকৃতকার্য বিষয়/বিষয়সমূহ নির্বাচন করে ফরম পূরণ করতে হবে।
উল্লেখ্য, যে সকল পরীক্ষার্থী বিগত পরীক্ষায় (সেপ্টেম্বর-অক্টোবর ২০১৬ মাসে অনুষ্ঠিত) অংশগ্রহণ করেনি; কিন্তু রেজিস্ট্রেশনের মেয়াদ আছে তাদেরকে ৩০০/- (তিনশত) টাকা সংযোগ রক্ষাকারী ফি জমা দিয়ে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। সংযোগ রক্ষাকারী ফি ফরম ফিলাপের ফি এর সাথে পৃথক ডিডিতে একই সময়ে জমা দেয়া যাবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩

১। পরীক্ষার তথ্যাদি ঃ

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত ২০০০ ও ২০০৫ প্রবিধানভুক্ত শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী **৮ম** পর্বের অনিয়মিত বিষয়সমূহের পরীক্ষা লিথুযুক্ত উত্তরপত্রে দিতে হবে এবং পরীক্ষা শেষে উত্তরপত্রগুলো মুল্যায়নের জন্য বোর্ডে প্রেরণ করতে হবে। **তবে ২০০০ প্রবিধানভুক্ত ম্যানুয়াল প্রবেশপত্রধারী পরীক্ষার্থীদের পরীক্ষা লিথুবিহীন উত্তরপত্রে গ্রহণ করতে হবে।**

২। পরীক্ষার ফরম পূরণের নিয়মঃ

২.১ পরীক্ষার ফরম পূরণ Online -এ সম্পন্ন করতে হবে। **তবে ২০০০ প্রবিধানভুক্ত ম্যানুয়াল প্রবেশপত্রধারী পরীক্ষার্থীদের ফরম ফিলাপ দেয় সকল বিষয়সমূহের নাম উল্লেখ পূর্বক ম্যানুয়াল প্রবেশপত্র ফরমের মাধ্যমে করতে হবে।**

২.২ পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত প্রিন্ট-আউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসেবে বিবেচ্য হবে। অনুচ্ছেদ ৪.১১ এ বর্ণিত তারিখ অনুযায়ী অত্র বোর্ডের Website এর মাধ্যমে Online এ ফরম পূরণ করতে হবে। ফরম পূরণের প্রিনট আউট কপি ও ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় পরীক্ষার্থীদের একটি পূর্নাঙ্গ তালিকা (অনুচ্ছেদ-৪.১০ অনুযায়ী) এবং Online -এ পূরণকৃত ফরম ফিলাপ এর Final List (EIF), Total Student List, Total Question Count List ডিডি এর সাথে বোর্ডে জমা দিতে হবে। *Final List Print করার পর আর কোন Edit করা যাবে না। উল্লেখ্য, Website হতে সংগ্রহকৃত ফরম ফিলাপ এর Final List এর প্রিন্ট-আউট কপি/কপির ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।* Probable List এ নাম না থাকলে Add Record এর মাধ্যমে Online ফরম ফিলাপ করা যাবে। ***তবে এক্ষেত্রে পরীক্ষার্থীর যাবতীয় শর্ত পূরণ না হলে সে প্রবেশপত্র পাবে না।***

৩। পরীক্ষার ফি ও অন্যান্য ফি সমূহের হার নিম্নরূপঃ

৩.১ ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ

১	পরীক্ষা ফি	**২য়,** ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য - প্রতি বিষয় × ১০০.০০ সর্বনিমণ ৪০০.০০
২	কেন্দ্র ফি	**২য়, ৪র্থ,** ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য - প্রতি পর্ব × ২০০.০০ সর্বনিমণ ৪৫০.০০

৩	নম্বর পত্র ফি	প্রতি পর্ব × ৭৫.০০
৪	ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে)	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৫	ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি (যদি থাকে)	৫০০.০০

৪। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট আউট কপি/এন্ট্রিফরম প্রেরণের নিয়মাবলীঃ

৪.১ পরীক্ষার্থীদের প্রিন্ট আউট কপি/এন্ট্রিফরম এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৪.২ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট এন্ট্রিফরম/প্রিন্টাউট কপি বা নির্ধারিত ফি ব্যতিত ফরমপূরণ সরাসরি নাকচ করা হবে।

৪.৩ কেন্দ্র ফি হিসাবে আদায়কৃত অর্থ পরীক্ষার্থী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে পরীক্ষা শুরুর ১০ (দশ) দিন পূর্বে সে কেন্দ্রকে পরিশোধ করতে হবে।

৪.৪ কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত অর্থ নিয়মানুযায়ী পরীক্ষা সমাপ্তির পর পরই কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের সম্মানী/পারিশ্রমিক পরিশোধের ব্যবস্থা করতে হবে।

৪.৫ ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ হতে অনাভ্যমন্তরীণ ও আভ্যমন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণের সম্মানী প্রতি বিষয় প্রতি পরীক্ষার্থী ১০.০০ টাকা হারে পরিশোধ করতে হবে।

৪.৬ প্রতি পরীক্ষার্থী হতে আদায়কৃত ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি **৫০০/- টাকা এর ৩০% = ১৫০/- টাকার মধ্যে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং প্রতিবেদন বই বাবদ ৪০/- টাকা বাদে ১১০/- টাকা এবং অন্যান্য সকল ফি-সমূহ (কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি বাদে) একটি মাত্র ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে** সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট করে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা / সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরনী শাখা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

৪.৭ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে।

৪.৮ অত্র অফিসে প্রেরণের পূর্বে পরীক্ষার্থী কর্তৃক পূরণকৃত প্রতিটি এন্ট্রিফরমে লিপিবদ্ধ তথ্যাদি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথিপত্রের সহিত নির্ভুলভাবে যাচাই করে টেকনোলজিভিত্তিক পরীক্ষার্থীদের আলাদাভাবে সাজিয়ে তালিকা প্রেরণ করতে হবে।

৪.৯ পরীক্ষার্থীদের প্রিন্ট আউট কপি/এন্ট্রিফরমের নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অবশ্যই স্বাক্ষর করবেন।

৪.১০ নিম্নে বর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে। প্রতি বিষয়ের পরীক্ষার্থীর সংখ্যা সম্বলিত একটি মুখপত্র সংযোজন করা আবশ্যক।

পরীক্ষার্থীদের নাম	রোল নম্বর ও শিফট	রেজিঃ নম্বর ও সেশন	বিষয় সমুহের নাম/কোড	পরীক্ষার ফি	ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি	নম্বরপত্র ফি	অকৃতকার্য বিষয়ের ফি	সংযোগ ফি	বিলম্ব ফি	মোট ফি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

৪.১১ **নিম্নের ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।**

<table>
<tr><th>শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার তারিখ</th><th>৩০০/- টাকা বিলমব ফি সহ (প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ</th><th>Online এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ</th><th>সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট আউট কপি বোর্ডে জমা / গ্রহণের তারিখ</th><th>নির্ধারিত তারিখের (০২-০৩-১৭ তারিখ) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে</th><th>অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ</th><th>প্রবেশপত্র সংশোধনের জন্য বোর্ড জমা</th><th>সংশোধিত প্রবেশপত্র বিতরণ</th></tr>
<tr><td rowspan="2">১২-০২-১৭ হতে ২০-০২-১৭</td><td rowspan="2">২৩-০২-১৭</td><td rowspan="2">১২-০২-১৭ হতে ২৩-০২-১৭</td><td>২৭-০২-১৭ রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগ</td><td rowspan="2">০৬-০৩-১৭ তারিখ পর্যমন্ত। প্রিন্ট আউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে।</td><td>১১-০৩-১৭ রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগ</td><td rowspan="2">১১-০৩-১৭ হতে ১৩-০৩-১৭ তারিখ পর্যন্ত</td><td rowspan="2">১৫-০৩-১৭</td></tr>
<tr><td>২৮-০২-১৭ ঢাকা, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগ</td><td>১২-০৩-১৭ ঢাকা, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগ</td></tr>
</table>

৪.১২ পরীক্ষার প্রিন্ট-আউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তার (রেজিষ্টার বা সমপর্যায়ের) মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৪.১৩ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

৫। অন্যান্য শর্তাবলীঃ

৫.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রিন্ট-আউট কপিসমূহ ও ৪.১০ অনুচ্ছেদ মোতাবেক প্রনীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর (চিঠিতে) মাধ্যমে অনুচ্ছেদ ৪.১১ এ বর্ণিত **তারিখ অনুযায়ী** অত্র অফিসে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে একাধিক ফরোয়ার্ডিং প্রেরণ করা বর্জনীয়)।

৫.২ নির্ধারিত সময় সীমার মধ্যে প্রিন্ট-আউট কপি বোর্ড অফিসে জমা/গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদিগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়মবনা হতে পরিত্রানের লক্ষ্যে এন্ট্রিফরম/প্রিন্ট-আউট কপি ও অফিসের অর্থ অনুচ্ছেদ ৩ মোতাবেক এবং **অনুচ্ছেদ ৪.১১ এ বর্ণিত তারিখ অনুযায়ী** প্রেরণ করতে হবে।

৫.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক প্রিন্ট-আউট পূরণের সময় অত্র বিজ্ঞপ্তি পরীক্ষার্থীদিগকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করা সর্বোত্তম। *তাছাড়া প্রতিষ্ঠান কর্তৃক Online এ ফরম পূরণ করার সময় সংশ্লিষ্ট পরীক্ষার্থী কোন কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক তা পরীক্ষার্থীর নিকট থেকে লিখিত সম্মতি গ্রহণ করে তা Online এ এন্ট্রি করতে হবে।*

৫.৪ ফরমপূরণকৃত সকল ছাত্রের হাজিরাসীটের সকল কলাম পূরণ করতে হবে এবং তা পরীক্ষা শেষে কেন্দ্র সচিবের স্বাক্ষরসহ বাহক মারফত বোর্ডের সংশ্লিষ্ট শাখায় পাঠানো নিশ্চিত করতে হবে। প্রয়োজনে প্রতিষ্ঠানে ফটোকপি সংরক্ষণ করতে হবে।

৫.৫ ফরম ফিলাপ এর ডিডি জমা দেয়ার সময় গত পর্বের পরীক্ষায় ট্রেজারীতে প্রেরিত প্রশ্নপত্রের ট্র্যাংক বোর্ডের গোপনীয় শাখায় (৮ম তলায়) জমা দিতে হবে।

৫.৬ প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড হতে প্রবেশপত্র সংগ্রহ করে তাতে পরীক্ষার্থীর ছবি সংযুক্ত করে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত করতে হবে।

৫.৭ প্রতিষ্ঠান কর্তৃক কেন্দ্র ভিত্তিক পরীক্ষার্থীদের ছবিসহ তালিকা প্রস্ত্তত করে সংশ্লিষ্ট কেন্দ্রে/কেন্দ্রসমূহে প্রেরণ করতে হবে।

৫.৮ পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শন করতে হবে।

বিঃদ্রঃ ফরম পূরণের সময় Online এ ৪.১১ অনুচ্ছেদে বর্ণিত তারিখ অনুয়ায়ী নির্দিষ্ট সময়ে পূরণ করতে হবে। Online ফরম ফিলাপ সম্পর্কিত সমস্যা সমাধানের হেল্পলাইন (১) ০১৮৭৬৩৯৭১৩৮, (২) ০১৫৫০৬২০৬০৪, (৩) ০২-৯১৪৪২১৫, (৪) ০২-৯১১৮৭৭৬ এবং (৫) ০২-৯১১৩২৮৩।

স্মারক নং- বাকাশিবো (প-২)/৫৮৫(পার্ট-৮)/১৪(১৪) তারিখঃ ১৫-০১-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/প্রকল্প পরিচালক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ, ... পলিটেকনিক ইন্সটিটিউট/ইন্সটিটিউট অব্ মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইন্সটিটিউট এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট, ...।
৫. অধ্যক্ষ/পরিচালক, ...।
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ এবং পরীক্ষা সংক্রামত্ম Online কার্যক্রমের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. প্রোগ্রামার (ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১১৮৭৭৬